



## নারীর ক্ষমতায়নে ইউএন উইমেনকে সহযোগিতার আহ্বান



ছবি: সংগৃহীত

নারীর অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলা এবং নারী, শান্তি ও নিরাপত্তা বিষয়ক কর্মসূচি বাস্তবায়নে ইউএন উইমেনের সঙ্গে আরও ঘনিষ্ঠভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে বাংলাদেশ।

বৃহস্পতিবার নিউইয়র্কে ইউএন উইমেনের নির্বাহী পরিচালক ও জাতিসংঘের আন্ডার-সেক্রেটারি-জেনারেল সিমা বাহাউসের সঙ্গে বৈঠকে এ বিষয়ে আলোচনা করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ ইসলাম।

বৈঠকে শামা ওবায়দ বলেন, নারীর ক্ষমতায়নে বাংলাদেশ ধারাবাহিকভাবে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করে আসছে। তিনি মেয়েদের শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং কল্যাণমূলক বিভিন্ন কর্মসূচির কথাও তুলে ধরেন।

ইউএন উইমেনের নির্বাহী পরিচালক বাংলাদেশের নারী উন্নয়ন ও লিঙ্গসমতায় অর্জিত অগ্রগতির প্রশংসা করেন। একই সঙ্গে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে বাংলাদেশের নির্বাচিত হওয়ার বিষয়েও অভিনন্দন জানান।

সিমা বাহাউস নারী, শান্তি ও নিরাপত্তা এজেন্ডা বাস্তবায়নে বাংলাদেশের সঙ্গে সহযোগিতা আরও বাড়ানোর আগ্রহ প্রকাশ করেন। পাশাপাশি শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশি নারীদের ভূমিকারও প্রশংসা করেন তিনি।

বৈঠকে রোহিঙ্গা নারী ও কন্যাশিশুদের জন্য মানবিক সহায়তার অর্থায়ন সংকটের বিষয়টি তুলে ধরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী আন্তর্জাতিক সহযোগিতা অব্যাহত রাখার আহ্বান জানান। একই সঙ্গে রোহিঙ্গাদের নিরাপদ ও টেকসই প্রত্যাবাসনের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন।